গণপ্রজাতন্ত্রি বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www. Cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটি এর সভার কার্যবিবরণী।**

সভাপতি : শেখ মুজিবুর রহমান এনডিসি, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১৬ অক্টোবর ২০১৯, বিকাল: ৩:৩০ ঘটিকা
স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের কক্ষ নং- ১০০৫, সরকারি পরিবহন পুল ভবন।

**উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে সভায় স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রম সরকারের বিভিন্ন দপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। উক্ত কর্মকান্ড সঠিকভাবে নির্ধারিত সময়ে বাস্তবায়িত হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়।

০২। গত ২৪ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করা হয়।

**সিদ্ধান্ত:**

২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

০৩। আলোচ্যসূচি-০২: বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১. | ২.১.১ সিআরভিএস-এর সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের স্বার্থে সভার কার্যাবলী ও অন্যান্য সিদ্ধান্ত সকল সদস্যের নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে একটি গ্রুপ মেইল সৃজন করতে হবে। | বাস্তবায়ন কমিটির সকল সদস্যদের ইমেইল এর একটি গ্রুপ তৈরি করা হয়েছে। |
| ২. | ২.২.১ আইন ও বিচার বিভাগ জরুরিভিত্তেতে প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে। | আইন ও বিচার বিভাগের ১৬ কোটি ৩৬ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে অক্টোবর ২০১৯ মাসে প্রেরণ করা হয়েছে। |
| ৩. | ২.৩.১ BDRIS2-এর ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ এবং এটির চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের BDRIS2-এর হার্ডওয়ার ক্রয়ের নিমিত্ত ৫ কোটি ২২ লক্ষ টাকার প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। MoU স্বাক্ষরের পূর্বে নির্বাচন কমিশন সচিবালয় |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| | ২..৩২ জরুরিভিত্তিতে সকল MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | এর অনুকূলে যে টাকা জমা দেয়া প্রয়োজন তা জমা করা হয়েছে। UID এর জন্য প্রস্তাবিত MoU এবং ডাটা শেয়ারিং এর জন্য প্রস্তাবিত MoU অনুমোদনের নিমিত্ত স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। আগামী এক মাসের মধ্যে উক্ত MoU দুইটি স্বাক্ষরিত হবে মর্মে সভায় জানানো হয়। নির্বাচন কমিশন বর্ণিত বিষয়ে সভা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন বরাবর প্রেরণ করেছেন। |
| ৪. | ২.৪.১ আগস্ট ২০১৯ এর মধ্যেই CCDS এর Third Version-এর কাজ চূড়ান্ত করতে হবে।<br>২.৪.২ ISDP-এর অগ্রগতির বিষয়ে আগামী ০১(এক) সপ্তাহের মধ্যে একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের কাছে দাখিল করতে হবে। | CCDS এর Third Version-এর কাজ চূড়ান্ত করা হয়েছে। ISDP-এর অগ্রগতির বিষয়ে প্রতিবেদন পাওয়া গিয়েছে। |
| ৫. | ২.৫.১ নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে Vital Statistics Technical Working Group-কে সক্রিয় করতে হবে। | গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে একটি সভা আহবান করা হয়েছে। সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৬. | ২.৬.১ প্রাপ্ত তথ্য-উপাত্তের সঠিকতা যাচাই, একীভূতকরণ ও খসড়া প্রণয়নের কার্যক্রম আগামী ০৮ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২.৬.২ প্রণীত খসড়া প্রতিবেদনের উপর আগামী আগস্ট মাসের ৪র্থ সপ্তাহে সুবিবধাজনক সময়ে আন্ত:সংস্থা কনসালটেশন কর্মশালা আয়োজন করতে হবে। | সভায় উপস্থাপনের জন্য UNESCAP এর Regional Action Framework on CRVS বিষয়ক Draft Report প্রণয়ন করা হয়েছে। |
| ৭. | ২.৭.১ "The Technical Support for CRVS System Improvement in Bangladesh প্রকল্পের ৩য় পর্যায়ের TAPP দ্রুত প্রণয়ন করতে হবে। | TAPP প্রণয়ন করা হয়েছে এবং ০৬-১০-২০১৯ তারিখে প্রকল্প বাছাই কমিটির সভা আয়জোন করা হয়েছে। |
| ৮. | ২.৮.১ হাসপাতালে মৃত ব্যক্তির মৃত্যুর অন্তর্নিহিত কারণ বিশ্ব স্বাস্থ্য সংস্থার নিয়মানুযায়ী নির্ণয় করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগকে অনুরোধ করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে ০৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ১৪১ নং স্মারকে সচিব স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। |

সিদ্ধান্ত:

০৩.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির বিগত সভাসমূহের সিদ্ধান্ত যাচাই বাছাই করে যে সব সিদ্ধান্ত এখন পর্যন্ত বাস্তবায়ন করা যায়নি তার একটি তালিকা তৈরি করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

**০৪। আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।**

আইন ও বিচার বিভাগ থেকে "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রন্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের আর্থ সামাজিক অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ১৬ কোটি ৩৬ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ ২০১৯ থেকে ২০২৩ পর্যন্ত।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রণীত "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির জনবল নিয়োগের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

ব্যানবেইজ এর স্টুডেন্ট প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত উন্নয়ন প্রকল্পের সফটওয়ার ডেভলাপমেন্টের জন্য ভেন্ডর নিয়োগের কার্যক্রম, জনবল নিয়োগ, হার্ডওয়ার সংগ্রহ সম্পন্ন হয়েছে। স্টুডেন্ট প্রোফাইল এর তথ্যছক গত ১১-০৭-২০১৯ তারিখে জাতীয় কর্মশালার মাধ্যমে নির্ধারণ করা হয়েছে। তথ্যছকের কারিগরী বিষয়গুলো নিয়ে সিআরভিএস টেকনিক্যাল সাব কমিটির সভায় আলোচনা করা হয়েছে।

সিদ্ধান্ত:

৪.১। আইন ও বিচার বিভাগের উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের পর প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, ইন্টারভেনশন, এক্টিভিটি এবং কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।

৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির জনবল নিয়োগ সংক্রান্ত প্রস্তাবের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে পুনরায় পত্র যোগাযোগ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে।

৪.৩। সিসিডিএস এর থার্ড ভারসন অনুসরণ করে সিআরভিএস এর আইটি কনসালট্যান্টদ্বয় এবং ব্যানবেইজের কনসালট্যান্টগণ ব্যানবেইজ এর স্টুডেন্ট প্রোফাইল এর তথ্যছকটি চূড়ান্ত করবেন।

**০৫। আলোচ্যসূচি-০৪: CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর খসড়া রিপোর্ট সংক্রান্ত আলোচনা।**

CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর খসড়া রিপোর্টটি সভায় উপস্থাপন করা হয়। সভায় আরো জানানো হয় যে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর সিআরভিএস সংক্রান্ত মিনিস্টিরিয়াল সম্মেলন ২০১৪ সালে ব্যংককে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে এশিয়া প্রশান্ত মহাসাগরীয় দেশগুলোর জন্য ডিক্লারেশন হিসাবে "Get everyone in the picture" কে গ্রহণ করা হয় এবং ২০১৫-২০২৪ কে সিআরভিএস দশক হিসাবে ঘোষণা করা হয়। একই সাথে একটি Regional Action Framework চূড়ান্ত করা হয়। এই RAF-এ ৩টি লক্ষ্য, ১৫ টি স্থানীয় পর্যায়ে নির্ধারিত টার্গেট, ০৭ টি Action area এবং ৮ টি বাস্তবায়ন ধাপ নির্ধারণ করা হয়। RAF এর মাধ্যমে সংশ্লিষ্ট দেশসমূহের সিআরভিএস বাস্তবায়ন পর্যায় সম্পর্কিত প্রতিবেদন প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। রিপোর্টিং টাইমলাইন অনুসারে ২০১৯ সালে সদস্য দেশসমূহ কর্তৃক বর্ণিত লক্ষ্য এবং বাংলাদেশের সিআরভিএস সংশ্লিষ্ট নিজ নিজ টার্গেট অর্জনের মিডটার্ম রিপোর্ট UNESCAP এ দাখিল করতে হবে।

সিআরভিএস সংশ্লিষ্ট সংস্থাগুলো হতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ পূর্বক RAF-এর রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। উক্ত রিপোর্টের implementation steps অংশের ৫টি ইস্যু নিয়ে বিস্তারিত আলোচনা করে প্রয়োজনীয় সংশোধনী আনা হয়। আলোচনা অনুসারে RAF-এর রিপোর্ট সংশোধন পূর্বক UNESCAP এ প্রেরণের বিষয়ে সভায় গুরাত্বরোপ করা হয়।

**সিদ্ধান্ত:**

৫.১। CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর খসড়া রিপোর্ট এর implementation steps অংশের ৫টি ইস্যুর বিষয়ে সভার আলোচনা অনুসারে সংশোধন পূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করবে।

৫.২। সিআরভিএস সংশ্লিষ্ট সংস্থাগুলো হতে সংগৃহীত তথ্য উপাত্তের উপর ভিত্তি করে CRVS সংক্রান্ত Regional Action Framework (RAF)-এর চূড়ান্ত রিপোর্ট মন্ত্রিপরিষদ বিভাগ UNESCAP এ প্রেরণ করবে।

**০৬। সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প গ্রহণের অগ্রগতি সংক্রান্ত আলোচনা।**

সভায় জানানো হয় যে সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট তৈরির কাজ চলমান রয়েছে। সিআরভিএস এর প্রাতিষ্ঠানিকীকরণের নিমিত্ত প্রণীতব্য তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট তৈরিতে কিছুটা সময় লাগবে মর্মে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

৬.১। সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট দ্রুত প্রস্তুত পূর্বক চলতি অর্থবছরে অনুমোদনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**০৭। OpenCRVS সংক্রান্ত আলোচনা।**

OpenCRVS পাইলট প্রকল্পের বর্তমান অবস্থা সম্পর্কে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশের পক্ষ থেকে সভায় উপস্থাপন করা হয়। ফ্যাসিলিটি লোকেশন, DHIS2 (Health system), এবং Office Information Service Framework (OISF) এর সাথে OpenCRVS ইন্টিগ্রেশনের কাজ চলছে যা ডিসেম্বরের মধ্যে শেষ হবে বলে সভায় অবহিত করা হয়। BDRIS2 ইন্টিগ্রেশনের জন্য প্রস্তুত হতে তিন মাস সময়ের প্রয়োজন বিধায় BDRIS2 এর সাথে OpenCRVS এর ইন্টিগ্রেশন ডিসেম্বর নাগাদ করা সম্ভব নয়।

১৮ই সেপ্টেম্বর, ২০১৯ তারিখে অনুষ্ঠিত টেকনিক্যাল কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্ল্যান ইন্টারন্যাশনাল OpenCRVS এর বিকল্প পরিকল্পনা অনুসারে জানুয়ারী ২০২০ থেকে BDRIS2 এর সাথে ইন্টিগ্রেশন ছাড়াই পাইলট শুরু করবে। প্রতিদিন OpenCRVS থেকে প্রাপ্ত জন্ম ও মৃত্যু নিবন্ধনের ডাটা একটি নির্দিষ্ট ছকে ORG অফিসে পাঠানো হবে। একই সাথে BDRIS2 এবং OpenCRVS এর টেকনিক্যাল টিম ইন্টিগ্রেশনের কাজ করবে। পাইলট চলাকালীন যখনই দুটি সিস্টেমের মধ্যে ইন্টিগ্রেশন সম্ভব হবে তখনই তা OpenCRVS এর সাথে সংযুক্ত করা হবে।

**সিদ্ধান্তঃ**

৭.১। OpenCRVS এর বিকল্প পরিকল্পনা অনুসারে জানুয়ারী ২০২০ থেকে BDRIS2 এর সাথে ইন্টিগ্রেশন ছাড়াই স্বল্প আকারে পাইলট শুরু করতে হবে এবং দুইটি সিস্টেমের মধ্যে ইন্টিগ্রেশন না হওয়া পর্যন্ত OpenCRVS থেকে নির্দিষ্ট ছকে প্রেরিত জন্ম ও মৃত্যু নিবন্ধনের ডাটা BDRIS2 সিস্টেমে আপলোডের বিষয়ে প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৭.২। OpenCRVS, ISDP, DHIS2 এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে BDRIS2 সিস্টেমের ইন্টিগ্রেশন এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় উক্ত কাজে নিয়োগকৃত ভেন্ডরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

০৮। **বিবিধ:**

৮.১। **Citizen Core Data Structure (CCDS) সংক্রান্ত আলোচনাঃ**

Citizen Core Data Structure (CCDS) এর Third Version এ নতুন কয়েকটি বিষয় সংযোজন করা হয়েছে। তার মধ্যে অন্যতম হলো "প্রতিটি মৌলিক উপাত্তের কেবল একটি উৎস সংস্থা থাকবে এবং মৌলিক উপাত্তের ক্ষেত্রে উৎস সংস্থা ব্যতীত অন্য কোন সংস্থা কর্তৃক পরিবর্তন, সংশোধন অথবা ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন গ্রহণযোগ্য হবে না।" তাছাড়াও মৃত্যুর কারণ, রোগের কোড, ISO standard অনুযায়ী কান্ট্রিকোড, Education এর জন্য কোড উল্লেখযোগ্য। CCDS এর Third Version অক্টোবর ২০১৯ মাসে সংশ্লিষ্ট সকলের সাথে শেয়ার করা হয়। CCDS যারা ব্যবহার করবে তাদেরকে টেকনিক্যাল কমিটির সভার মাধ্যমে ওরিয়েন্টেশন দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। CCDS এর Third Version স্টিয়ারিং কমিটির সভায় চূড়ান্ত করতে হবে মর্মে সদস্যগণ একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:**

৮.১.১। CCDS এর Third Version সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন নিতে হবে।

৮.১.২। সিআরভিএস বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের যে সকল টেকনিক্যাল/আইসিটি কনসালট্যান্টগণ CCDS ব্যবহার করবে তাদেরকে টেকনিক্যল কমিটির সভার মাধ্যমে ওরিয়েন্টেশন এর আয়োজন করতে হবে।

৮.২। **Integrated Service Delivery Platform (ISDP) সংক্রান্ত আলোচনা।**

ISDP দুই ধরণের External System এর সাথে কাজ করে প্রথমটি হলো Service Provider সিস্টেম যা সিটিজেনের সেবা প্রদানের জন্য verification এবং authentication করে এবং দ্বিতীয়টি হলো Service Portal যার মাধ্যমে জনগণ সেবা পাবে। ISDP এই দুই সিস্টেমের মধ্যে Citizen Eligibility চেকিং এর মাধ্যমে সেতু বন্ধনের কাজ করে। কোন সিটিজেন কোন ভাতা পেলো বা অন্য কোন ভাতা পাবে/পাবে না সে বিষয়ে প্রত্যেকটা সার্ভিসের জন্য সিস্টেমে একটা মেট্রিক্স বিদ্যমান যাকে Eligibility Matrix বলে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য ISDP-কে একসেবা Bus এর মাধ্যমে NID System এর সাথে সংযোগ স্থাপন করা হয়েছে। একসেবা Bus এ জনগণের জন্য ১৬৪ টি সেবা অন্তর্ভুক্ত করা হয়েছে। ISDP এর Design এবং Standardization এর জন্য চারটি Implementation Standards এবং Documents তৈরি করা হয়েছে। যেগুলো নিম্নরূপ:

1. ISDP Standards - ekSheba Bus Notification Integration Document.
2. ISDP Standards - ekSheba Citizen ISDP Notification Integration Document
3. ISDP Standards - eMutation ISDP Notification Integration Document
4. ISDP Standards - MOLWA ISDP
5. Notification Integration Document

এই ডকুমেন্টগুলোতে ISDP এর Integration Process এবং Workflow বিস্তারিত ভাবে উল্লেখ করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। ISDP এর Development, Integration এবং Design Process/Operational Implementation এই তিনটি পর্যায়ে কাজ করা হচ্ছে। ISDP এর কোর মডিউলগুলো (ভেরিফিকেশন, এলিজিবিলিটি, নোটিফিকেশন) ডেভলাপ করা হয়েছে এবং টেস্টিং এর জন্য প্রস্তুত। এটি BDRIS2, Social Security Program (SSP) স্বাস্থ্য এবং শিক্ষার সিস্টেমের সাথে সংযোগের অপেক্ষায় আছে মর্মে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

৮.২.১। এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ISDP এর কোর মডিউলগুলো (ভেরিফিকেশন, এলিজিবিলিটি, নোটিফিকেশন) টেস্টিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অন্যান্য আপডেটসহ মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

৮.২.২। BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগের বিষয়ে বাস্তব প্রেক্ষাপট বিবেচনা করে সর্বশেষ অবস্থা সিআরভিএস বাস্তবায়ন সম্পর্কিত পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সিআরভিএস কনসাল্ট্যান্টদ্বয়কে বলা হলো।

**০৮.৩। Vital Statistics Technical Working Group সংক্রান্ত আলোচনাঃ**

Vital Statistics Technical Working Group-কে সক্রিয় করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় সভাপতি আশাবাদ ব্যক্ত করেন যে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এর কাছে জন্ম ও মৃত্যুর যে তথ্য বিদ্যমান আছে তা থেকে বিবিএস পাইলট আকারে ভাইটাল স্ট্যাটিস্টিক্স প্রস্তুত করে দেখাতে পারবে। ভাইটাল স্ট্যাটিস্টিক্স তৈরির জন্য গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং ঢাকা দক্ষিণ সিটিকরপোরেশন এর জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:**

৮.৩.১। গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলা এবং ঢাকা দক্ষিণ সিটিকরপোরেশন এর জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে তা থেকে ভাইটাল স্ট্যাটিস্টিক্স তৈরির বিষয়ে বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

**০৯।** পরিশেষে আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৭.০০.২১

শেখ মুজিবুর রহমান এনডিসি
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।